# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মৃত্যুর একদিন পূর্বে (قبل يوم من الوفاة)

সম্ভবতঃ মৃত্যুর পূর্বদিন রবিবার তিনি স্ত্রী আয়েশাকে বলেন, দীনারগুলি কি বিতরণ করেছ? তিনি বললেন, আপনার রোগ যন্ত্রণায় ব্যস্ত থাকার কারণে বিতরণের সময় পাইনি। রাসূল (ছাঃ) বললেন, ওগুলি আমার কাছে নিয়ে এস। ঐ সময় ঘরে ৫ থেকে ৯টি স্বর্ণমুদ্রা ছিল। আয়েশা (রাঃ) সেগুলি এনে তাঁর হাতে দিলেন। তখন তিনি বললেন, এগুলি এখুনি বিতরণ করে দাও। কেননা কোন নবীর জন্য এটি মর্যাদাকর নয় যে, এইরূপ (নিকৃষ্ট) বস্ত্তগুলি নিয়ে তিনি আল্লাহর সাথে সাক্ষাত করবেন’।[1] অথচ ঐ সময় রাসূল (ছাঃ)-এর লৌহবর্মটি এক ইহূদীর নিকটে ৩০ ছা‘ (৭৫ কেজি) যবের বিনিময়ে বন্ধক ছিল।[2]

## ফুটনোট

[1]. আহমাদ হা/২৫৫৩১; ছহীহ ইবনু হিববান হা/৩২১২; সিলসিলা ছহীহাহ হা/২৬৫৩; মিশকাত হা/১৮৮৪, ঐ মিরক্বাত।

‘তিনি এদিন সকল গোলাম আযাদ করে দেন এবং অস্ত্র-শস্ত্র সব মুসলমানদের দিয়ে দেন। অথচ ঐদিন সন্ধ্যায় আয়েশা (রাঃ)-এর গৃহে বাতি জ্বালানোর মত তৈল ছিল না। ফলে প্রতিবেশীর নিকট থেকে তৈল ধার করে আনতে হয়’ (আর-রাহীক্ব ৪৬৭ পৃঃ; রহমাতুল্লিল ‘আলামীন ১/২৪৮-৪৯)। কথাগুলির কোন সূত্র পাওয়া যায়নি।

[2]. বুখারী হা/২৯১৬; মিশকাত হা/২৮৮৫ ‘বন্ধক’ অনুচ্ছেদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5748

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন